

## রহমান রহীম আল্লাহ্ তায়ালা নামে

- ০৮৬-১ শপথ আসমানের, শপথ রাতে র বেলায় আত্মপ্রকাশকারী (তারকা)-র,
- ০৮৬-২ তুমি কি জানো সে আত্মপ্রকাশকারী কি?
- ০৮৬-৩ তা হচ্ছে (একটি) উজ্জ্বল তারকা,
- ০৮৬-৪ (যমীনের) এমন একটি প্রাণীও নেই যার ওপর কোনো তত্ত্বাবধায়ক নিযুক্ত নেই;
- ০৮৬-৫ মানুষ যেন (ভালো করে) দেখে, তাকে কোন্‌ জিনিস দিয়ে বানানো হয়েছে;
- ০৮৬-৬ বানানো হয়েছে সবেগে স্থানিত (এক ফোঁটা) পানি থেকে,
- ০৮৬-৭ যা বের হয়ে আসে (পুরুষদের) পিঠের মেরুদণ্ড ও (নারীর) বুকের (পাঁজরের) মাঝখান থেকে;
- ০৮৬-৮ (এভাবে যাকে তিনি বের করে এনেছেন,) তিনি অবশ্যই তাকে পুনরায় জীবিত করার ক্ষমতা রাখেন;
- ০৮৬-৯ সেদিন (তার) যাবতীয় গোপন বিষয় পরীক্ষা করা হবে,
- ০৮৬-১০ (যে এ দিনকে অস্বীকার করেছে সেদিন) তার কোনো শক্তিই থাকবে না, থাকবে না তার কোনো সাহায্যকারীও;
- ০৮৬-১১ বৃষ্টি বর্ষণকারী আকাশের শপথ,

০৮৬-১২ (সেই বৃষ্টিধারায়) ফেটে যাওয়া যমীনের শপথ,

০৮৬-১৩ অবশ্যই এ (কোরআন) হচ্ছে (হক বাতিলের) পার্থক্যকারী (চূড়ান্ত) কথা,

০৮৬-১৪ তা অর্থহীন (কোনো কথাবার্তা) নয়;

০৮৬-১৫ এরা (আমার বিরুদ্ধে) চক্রান্ত করছে,

০৮৬-১৬ আমিও (এদের ব্যাপারে) একটি কৌশল অবলম্বন করছি,

০৮৬-১৭ অতএব তুমি (আমার সে কৌশল দেখার জন্যে) কিছুদিন কাফেরদের  
অবকাশ দিয়ে রাখো।

*Bengali Translation By : Hafiz Munir Uddin Ahmed*

*Al Quran Academi London*

*Published as Portable Document Format by : Mohammad Noor-e-Alam Siddiquee  
More Free Islamic Stuff at [www.siddiquee.co.nr](http://www.siddiquee.co.nr)*